

COVID-19 টিকা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের যা জানা উচিত

COVID-19 টিকাসমূহ বর্তমানে 16 বছর ও তার ঊর্ধ্ববয়সী সকল নিউ ইয়র্কবাসীর জন্য উপলব্ধ।



COVID-19 টিকাসমূহ নিরাপদ ও কার্যকর।
টিকাগুলো ব্যাপক চিকিৎসাগত গবেষণার মধ্য দিয়ে গেছে যেখানে দেখা গেছে যে এগুলো মানুষকে COVID-19 জনিত গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যু থেকে রক্ষায় অত্যন্ত কার্যকর।



COVID-19 টিকাসমূহ আপনাকে বিনামূল্যে প্রদান করা হচ্ছে। বীমা বা অভিবাসন স্থিতি জানানোর প্রয়োজন নেই।



টিকা নেওয়ার জন্য একটি কেন্দ্র খুঁজে নিন।
একটি টিকা অ্যাপয়েন্টমেন্ট বা টিকাদান কেন্দ্র খুঁজে পেতে nyc.gov/vaccinefinder ভিজিট করুন অথবা 877-829-4692 নম্বরে কল করুন।



আপনার পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে। সাধারণত যে পার্শ্বপ্রতিক্রিয়াগুলি হয় তার মধ্যে আছে বাহুতে ব্যথা, মাথা ব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর।



পূর্বসতর্কতাসমূহ অবলম্বন করতে থাকুন।
টিকাগুলি আপনাকে সুরক্ষা দেয়, কিন্তু এগুলো ভাইরাসের বিস্তারের উপর কী প্রভাব ফেলে তা সম্পর্কে আমরা এখনও জানছি। যদি আপনি অসুস্থ হন তাহলে বাড়িতে থাকা, অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখা, মুখে সঠিকভাবে একটি আবরণ পরা এবং ঘন ঘন হাত ধোয়া অব্যাহত রাখুন।

